PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–105

(উনিশ শতকের বাংলা কবিতা)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'সংবাদ প্রভাকর' পত্রিকাটির মাসিক সংস্করণ কত সাল থেকে শুরু হয়? 'ছদ্ম মিশনারী' কবিতাটি কবির কোন্ পর্যায়ের কবিতা? ''ঈশ্বরচন্দ্র যুগেরই সৃষ্টি, তিনি যুগস্রষ্টা নন।'' এই মন্তব্যের প্রেক্ষিতে গুপ্ত কবির কাব্য-প্রতিভার স্বরূপ বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

২। 'কাব্য সঞ্চয়ন' বইটি কত সালে প্রকাশিত হয়? কাব্যটিতে মোট কয়টি কবিতা স্থান পেয়েছে? 'জাতির পাঁতি' কবিতায় কবি সত্যেন্দ্রনাথ মানবতাবাদের যে জয়গান করেছেন, কবিতাটির ব্যাখ্যাসূত্রে তা পরিস্ফুট করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। কবি মধুসূদনের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের নাম কী? ''পৌরুষদর্পী ইন্দ্রজিৎ পৌরুষদর্পী মধুসূদনের মানস-সন্তান।'' 'মেঘনাদবধ কাব্য'-এর মেঘনাদ চরিত্র বিশ্লেষণ করে মন্তব্যটি প্রতিষ্ঠিত করো। ১+১+১২=১৪

৪। 'মেঘনাদবধ কাব্য'-এ উল্লিখিত বীরবাহুর মায়ের নাম কী? পঞ্চবটী বন কোন্ নদীর তীরে অবস্থিত? 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে মধুসূদনের সীতা চরিত্রটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'বৃত্রসংহার' কাব্যের দ্বিতীয় খণ্ডে কয়টি সর্গ আছে? হেমচন্দ্রের পিতার নাম কী? ''হেমচন্দ্র 'মহাভারত'-এর প্রাসঙ্গিক বর্ণনাকে ঘনিষ্ঠভাবে অনুসরণ করেছেন। ফলে 'বৃত্রসংহার'-এর নায়ক ইন্দ্র অনাকর্ষণীয় ব্যক্তিত্বে রূপান্তরিত।'' এই মন্তব্যের যথার্থতা বিচার করো। ১+১+১২=১৪

৬। 'বৃত্রসংহার'-এর 'শচী' মধুসূদনের কোন্ দুটি চরিত্রের মিশ্র ছায়ামূর্তি? ''সংস্কৃত মহাকাব্যের বিভিন্ন ধারার সঙ্গে প্রতীচ্যের মহাকাব্য সম্পর্কেও অবহিত ছিলেন হেমচন্দ্র, কিন্তু কাব্য পরিকল্পনা ও কাহিনি গ্রন্থনার সার্বিক বিচারে আলংকারিক মহাকাব্যের সীমায়িত জগতের ঊর্ধ্বে তিনি যেতে পারেননি।'' এ সম্পর্কে তোমার অভিমত লিপিবদ্ধ করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। বিহারীলাল চক্রবর্তী রচিত শেষ কাব্যটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো। 'সারদামঙ্গল' কাব্যের প্রথম ও শেষ সর্গের শীর্ষ নাম কী? ''বাংলা কবিতার ইতিহাসে 'সারদামঙ্গল' অবশ্যই এক অভিনব সংযোজন।'' এই অভিনবত্বের স্বরূপ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ২+২+১০=১৪

৮। 'স্বপ্নপ্রয়াণ' কাব্যটি প্রথম কত সালে প্রকাশিত হয়? 'শান্তি-প্রয়াণ' শিরোনামটি কোন্ সর্গের নাম? দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের অন্য যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো। '' 'স্বপ্নপ্রয়াণ' যেন একটা রূপকের অপরূপ রাজপ্রাসাদ।'' কাব্যটির রূপকার্থ বিশ্লেষণ করে সমালোচকের এই মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও।

১+১+২+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। 'শোককাব্য'-এর বৈশিষ্ট্যগুলো লেখো। শোককাব্য হিসাবে অক্ষয়কুমার বড়াল-এর 'এষা' কতটা সার্থক, বিচার করো।

৪+১০=১৪

১০। গীতিকবিতার চারটি বৈশিষ্ট্য লেখো। উনিশ শতকের মহিলা কবিদের রচনায় গীতিকবিতার ধর্ম কীভাবে ধরা পড়েছে, উদাহরণ সহযোগে আলোচনা করো। ৪+১০=১৪

★★★